

# প্রথম আলো

সোমবার, ৯ ডিসেম্বর ২০১৯, ২৪ অগ্রহায়ণ ১৪২৬

গাজীপুর

## পরিদর্শন

বাংলাদেশ-ভারত যৌথ কৃষি ওয়ার্কিং গ্রুপের ভারতীয় পক্ষের উচ্চপর্যায়ের চার সদস্যের একটি প্রতিনিধিদল গতকাল রোববার গাজীপুরে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেছে। ভারতের কৃষি সহযোগিতা ও কৃষককল্যাণ বিভাগের অতিরিক্ত সচিব ও যৌথ কৃষি ওয়ার্কিং গ্রুপের ভারতীয় পক্ষের কো-চেয়ার ডলি চক্রবর্তীর নেতৃত্বে প্রতিনিধিদলে অন্যান্যের মধ্যে ছিলেন ভারতের কৃষি সহযোগিতা ও কৃষককল্যাণ বিভাগের পরিচালক প্রশান্ত আরমোরিকার, খাদ্য নিরাপত্তা ও স্ট্যান্ডার্ডস কর্তৃপক্ষের পরিচালক অমিত শর্মা এবং ঢাকার ভারতীয় হাইকমিশনের ফাস্ট সেক্রেটারি ও চ্যাসেরি প্রধান মিশুন টি আর। অতিথিরা বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের সদর দপ্তরের সামনে পৌঁছালে তাঁদের স্বাগত জানান ইনস্টিটিউটের পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) মো. মিয়াকুদ্দীন। পরে বারির মহাপরিচালকের সভাকক্ষে সংক্ষিপ্ত অনুষ্ঠান হয়। এতে স্বাগত বক্তব্য দেন ইনস্টিটিউটের মহাপরিচালক আবুল কালাম আযাদ। এরপর মাল্টিমিডিয়া প্রদর্শনের মাধ্যমে ইনস্টিটিউটের বিভিন্ন কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য তুলে ধরেন মহাপরিচালকের দপ্তরের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা দিলোয়ার আহমদ চৌধুরী।

প্রতিনিধি, গাজীপুর

## বারি পরিদর্শনে ভারতের কৃষি ওয়ার্কিং গ্রুপের প্রতিনিধিদল

### ■ গাজীপুর প্রতিনিধি

বাংলাদেশ-ভারত যৌথ কৃষি ওয়ার্কিং গ্রুপের ভারতীয় পক্ষের উচ্চ পর্যায়ের চার সদস্যের একটি প্রতিনিধিদল রবিবার বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেছে। ভারতের কৃষি, সহযোগিতা ও কৃষক কল্যাণ বিভাগের অতিরিক্ত সচিব ও যৌথ কৃষি ওয়ার্কিং গ্রুপের ভারতীয় পক্ষের কো-চেয়ার মিস ডলি চক্রবর্তীর নেতৃত্বে প্রতিনিধিদলে অন্যান্যের মধ্যে ছিলেন ভারতের কৃষি সহযোগিতা ও কৃষক কল্যাণ বিভাগের পরিচালক মি. প্রশান্ত আরমোরিকার, খাদ্য নিরাপত্তা ও স্ট্যান্ডার্ডস কর্তৃপক্ষের পরিচালক ড. অমিত শর্মা এবং ঢাকাস্থ ভারতীয় হাইকমিশনের প্রথম সচিব ও চ্যান্সেরি প্রধান মি. মিধুন টি.আর.।

অতিথিবৃন্দ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে এসে পৌঁছালে তাদের স্বাগত জানান ইনস্টিটিউটের পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মো. মিয়ানুদ্দীন। পরে বারি মহাপরিচালকের সভাকক্ষে অনুষ্ঠিত সংক্ষিপ্ত অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইনস্টিটিউটের মহাপরিচালক ড. আবুল কালাম আযাদ। এরপর মাল্টিমিডিয়া প্রদর্শনের মাধ্যমে ইনস্টিটিউটের বিভিন্ন কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য তুলে ধরেন মহাপরিচালকের দপ্তরের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. দিলোয়ার আহমদ চৌধুরী। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বারির পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল ওহাব, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মো. মিয়ানুদ্দীনসহ বিভিন্ন বিভাগের প্রধান, বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ।

পরে অতিথিবৃন্দ ইনস্টিটিউটের মৃত্তিকা বিজ্ঞান ল্যাব, আইপিএম ল্যাব এবং টেক্সিকোলজি ল্যাব, পোস্ট-হারভেস্ট প্রসেসিং ল্যাব, ফার্ম মেশিনারি ল্যাব, হাইড্রোপনিক মাঠ পরিদর্শন করেন এবং ইনস্টিটিউটের বর্তমান কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য দেখে সন্তোষ প্রকাশ করেন।

# দৈনিক জনকণ্ঠ

ঢাকা ॥ সোমবার

২৪ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ

৯ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

## ভারতের কৃষি ওয়ার্কিং গ্রুপের প্রতিনিধি দলের বারি পরিদর্শন

স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥  
বাংলাদেশ-ভারত যৌথ কৃষি  
ওয়ার্কিং গ্রুপের ভারতীয় পক্ষের  
উচ্চ পর্যায়ের চার সদস্যের একটি  
প্রতিনিধি দল রবিবার বাংলাদেশ  
কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি)  
পরিদর্শন করেছেন। ভারতের  
কৃষি, সহযোগিতা ও কৃষককল্যাণ  
বিভাগের অতিরিক্ত সচিব ও যৌথ  
কৃষি ওয়ার্কিং গ্রুপের ভারতীয়  
পক্ষের কো-চেয়ার মিস ডলি  
চক্রবর্তীর নেতৃত্বে প্রতিনিধি দলে  
অন্যের মধ্যে ছিলেন ভারতের  
কৃষি, সহযোগিতা ও কৃষককল্যাণ  
বিভাগের পরিচালক প্রশান্ত  
আরমোরিকার; খাদ্য নিরাপত্তা ও  
স্ট্যান্ডার্ডস কর্তৃপক্ষের পরিচালক ড.  
অমিত শর্মা এবং ঢাকার ভারতীয়  
হাইকমিশনের প্রথম সচিব ও  
চ্যান্সেরি প্রধান মিথুন টি. আর.।  
অতিথিবৃন্দ বারি'র সদর দফতরের  
সামনে এসে পৌঁছালে তাদের স্বাগত  
জানান ইনস্টিটিউটের পরিচালক  
(প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মোঃ  
মিয়ারুদ্দীন। পরে বারি  
মহাপরিচালকের সভাকক্ষে অনুষ্ঠিত  
সংক্ষিপ্ত অনুষ্ঠানে স্বাগত বক্তব্য  
রাখেন ইনস্টিটিউটের মহাপরিচালক  
ড. আবুল কালাম আযাদ।

